

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বৃষ্টির সময় নিজ নিজ বাসস্থানে সালাত আদায় করা।

باب مَا جَاءَ إِذَا كَانَ الْمَطَرُ فَالصَّلاَةُ فِي الرِّحَالِ

আরবী

حَدَّثَنَا أَبُو حَفْصِ، عَمْرُو بْنُ عَلِيِّ الْبَصْرِيُّ حَدَّثَنَا أَبُو دَاوُدَ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قَالَ كُنَّا مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم في سَفَرٍ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " مَنْ شَاءَ فَلْيُصَلِّ فِي رَحْلِهِ " . قَالَ فَأَصَابَنَا مَطَرُ فَقَالَ النَّبِيُ صلى الله عليه وسلم " مَنْ شَاءَ فَلْيُصَلِّ فِي رَحْلِهِ " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَسَمُرَةَ وَأَبِي الْمَلِيحِ عَنْ أَبِيهِ وَعَبْدِ الرَّحْمَنِ بْنِ سَمُرَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ جَابِرٍ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَخَّصَ أَهْلُ الْعِلْمِ فِي الْقُعُودِ عَنِ الْجَمَاعَةِ وَالْجُمُعَةِ فِي الْمَطَرِ وَالطِّينِ وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ . قَالَ أَبُو زُرْعَةَ لَمْ نَرَ الْجَمَاعَةِ وَالْجُمُعَةِ فِي الْمَطَرِ وَالطِّينِ وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ . قَالَ أَبُو زُرْعَةَ لَمْ نَرَ الْجَمَاعَةِ وَالْجُمُعَةِ فِي الْمَطَرِ وَالطِّينِ وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ . وَقَالَ أَبُو زُرْعَةَ لَمْ نَرَ أَبُا زُرْعَةَ يَقُولُ رَوَى عَفَّانُ بْنُ مُسْلِمٍ عَنْ عَمْرِو بْنِ عَلِيِّ حَدِيثًا . وَقَالَ أَبُو زُرْعَةَ لَمْ نَرَ الْمَدِينِيِ وَابْنِ الشَّاذَكُونِيِّ وَعَمْرِو بْنِ عَلِيٍّ . وَأَبُو الْمَلِيحِ اسْمُهُ عَامِرٌ وَيُقَالُ زَيْدُ بْنُ أَسَامَةَ بْنِ عَمَيْرٍ الْهُذَالِيُّ .

বাংলা

৪০৯. আবূ হাফস আমর ইবনু আলী (রহঃ) জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে এক সফরে ছিলাম। ঐ সময় একদিন আমরা খুব বৃষ্টির সম্মুখীন হই। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘোষণা দিয়ে বললেন, যার ইচ্ছা নিজ নিজ স্থানে সালাত (নামায/নামাজ) আদায় করতে পারে। - ইরওয়া ২/৩৪০,৩৪১, সহিহ আবু দাউদ ৯৭৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৪০৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমর, সামুরা, আবৃল মালীহ তার পিতার সূত্রে এবং আবদুর রহমান ইবনু সামুরা রাদিয়াল্লাছ আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ জাবির রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। আলিমগণ বৃষ্টি ও কাদার কারণে জুমুআহ ও জামা'আতে শরীক না হওয়ার অনুমতি দিয়েছেন। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত এ-ই। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আমি



আবৃ যুরআ (রহঃ) কে বলতে শুনেছি যে, আফফান ইবনু মুসলিম (রহঃ) আমর ইবনু আলী (রহঃ) থেকেও হাদীস বর্ণনা করেছেন। তিনি আরো বলেনঃ বসরায় এই তিনজনের চেয়ে অধিক স্মরণশক্তিসম্পন্ন আর কাউকে আমি দেখিনিঃ আলী ইবনুল মাদীনী, ইবনু শাযাকুনী, আমর ইবনু আলী। রাবী আবূল মালীহ ইবনু উসমার নাম হ'ল আমির। যায়দ ইবনু উসামা ইবনু উমায়র আল-ভ্যালী বলেও কথিত আছে।

English

Jabir narrated:

"We were with the Prophet (S) on a journey when it started to rain on us, so the Prophet (S) said: 'Whoever wishes, let him perform Salat in his place.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন